


স্বাধীনতা ★ গণতন্ত্র ★ সমাজতন্ত্র



## কলিকাতা বিশ্ববিদ্যালয় আঞ্চলিক কমিটি

৭৯/৩এ, আচার্য জগদীশচন্দ্র বোস রোড  
দীনেশ মজুমদার ভবন  
কলকাতা- ৭০০০১৪

### প্রেস বিবৃতি (২ আগস্ট, ২০২৫)

গতকাল রাজ্যের শিক্ষা দফতর থেকে ২৮শে আগস্ট, তৃণমূল ছাত্র পরিষদের জন্মদিবস উপলক্ষ্যে কলিকাতা বিশ্ববিদ্যালয়ের পরীক্ষার দিন পরিবর্তনের সার্কুলার পাঠানো হয়েছে। এর আগেও কলিকাতা বিশ্ববিদ্যালয়ের তৃণমূল ছাত্র পরিষদের কিছু অছাত্র, দুষ্কৃতী, সমাজবিরোধীরা ২৮ আগস্ট পরীক্ষা বন্ধের দাবিতে উপাচার্যের ঘরের সামনে অসভ্যতা করেছে। গতকাল রাজ্যের শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু এবিষয়ে লিখিত অর্ডার জারি করে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে। এই ঘটনা শুধু বিরলই নয়, এই ঘটনা বিশ্ববিদ্যালয়ের কাছে চূড়ান্ত অপমানজনক। কলিকাতা বিশ্ববিদ্যালয়ের স্বাধিকারের ওপর দীর্ঘদিন ধরেই আঘাত হানছে তৃণমূল! গতকাল সেই স্বাধিকারের ওপর চূড়ান্ত আঘাত নেমে এসেছে।

গতকালই কলিকাতা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য বিষয়টি সিন্ডিকেট মিটিং অবধি নিয়ে যাওয়ার কথা বলেছেন। শাসকদলের সামনে শিরদাঁড়া সোজা রেখে কলিকাতা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ যে দৃষ্টান্ত স্থাপন করেছে, তাকে সাধুবাদ জানাই। কিন্তু, কলিকাতা বিশ্ববিদ্যালয়ের আগামী সিন্ডিকেট মিটিংয়ে রাজ্য সরকারের প্রতিনিধি ওমপ্রকাশ মিশ্রকে এই বিষয়টি কেন্দ্র করে কর্তৃপক্ষের চেপে ধরা উচিত। সিন্ডিকেট মিটিংয়ের ফলাফলের দিকেও নজর রাখছি আমরা। যদি ২৮ আগস্ট কলিকাতা বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা দিন সূচি পরিবর্তন করা হয়, তাহলে কর্তৃপক্ষকে ছেড়ে কথা বলবেনা ভারতের ছাত্র ফেডারেশন।

বিগত দিনেও আমরা যখন ছাত্র ধর্মঘট কিংবা সাধারণ ধর্মঘট ক্যাম্পাসের অভ্যন্তরে হয়েছে, সেই দিন গুলোতেও কলিকাতা বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের পরীক্ষা ছিল। আমরা, এসএফআই নির্দিষ্টভাবে বলেছিলাম, পরীক্ষার্থীরা ধর্মঘটের আওতার বাইরে। পরীক্ষার্থীরা যাতে নির্বিঘ্নে পরীক্ষা দিতে পারে, নিশ্চিত করেছিল এসএফআই। কেউ পরীক্ষা কেন্দ্রে উপস্থিত না হতে পারলে তার পুনরায় পরীক্ষার বন্দোবস্ত করতে হবে, এই আবেদনও কর্তৃপক্ষের কাছে জানানো হয়। কলিকাতা বিশ্ববিদ্যালয়ে কোন ছাত্র সংগঠন আসলে ছাত্রবন্ধুর ভূমিকা পালন করে আসছে এবং কারা ছাত্র বিরোধী ভূমিকা পালন করছে— তা স্পষ্ট!

আমরা, ভারতের ছাত্র ফেডারেশন, কর্তৃপক্ষের উদ্দেশ্যে বলতে চাই, ২৮ আগস্ট যাতে পরীক্ষার্থীরা নির্বিঘ্নে পরীক্ষা দিতে পারে, তার জন্য সর্বোচ্চ প্রচেষ্টা করবে ভারতের ছাত্র ফেডারেশন। আমাদের সাফ দাবি, সরকারী হুকুমের কাছে নতিস্বীকার না করে নির্দিষ্ট সূচি অনুযায়ী পরীক্ষা পরিচালন করতে হবে কর্তৃপক্ষকে।

**প্রিয়াঙ্কা ঘোষ**

সভাপতি

SFI কলিকাতা বিশ্ববিদ্যালয় আঞ্চলিক কমিটি

**অমিত কুমার ঘোষ**

সম্পাদক

SFI কলিকাতা বিশ্ববিদ্যালয় আঞ্চলিক কমিটি